গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

নং-৪২.০০.০০০০.০৩২.১১.০১৫.১৯- ৩৪৯

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭
২৮ জুলাই ২০২০

# নিয়োগপত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫ এপ্রিল ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭-৯৬ সংখ্যক স্মারকের আলোকে পানি সম্পদ মন্ত্রণালয়ের জনবল নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটির ২৭/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে পূরণে 'সরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' মোতাবেক জাতীয় বেতনস্কেল ১১,০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) বেতন ক্রমে কম্পিউটার অপারেটর পদে নিম্নে উল্লিখিত প্রার্থীদের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | ১১০০২৬৫ | জনাব মো: খায়রুল ইসলাম<br>পিতা: মো: আব্দুল হানিফ<br>মাতা: খালেদা বেগম | বাসা: শেখ বাড়ী, গ্রাম: বড়ইতাইর, ডাকঘর: জামিরা-২০০১, জামালপুর সদর, জামালপুর। |
| ২. | ১১০০২৮৭ | জনাব মো: মাহবুবুর রহমান<br>পিতা: মো: আব্দুল মালেক শেখ<br>মাতা: ফরিদা ইয়াসমিন | গ্রাম: মহাদেবপুর, ডাকঘর: শুড়িঘাটা বাজার-৭৪৫০, কেশবপুর, যশোর। |
| ৩. | ১১০০৫০৮ | জনাব শিপন চন্দ্র মোদক<br>পিতা: জিতেন চন্দ্র মোদক<br>মাতা: জোসনা রানী | গ্রাম: পূর্ব পারুল, ডাকঘর: মাদ্রাসা সৈয়দপুর-৫৪৫০, পীরগাছা, রংপুর। |

**শর্তাবলী**:

(১) নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্যক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সনদ, আনসার ও ভিডিপি সনদ, উপজাতি সনদে বা দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য গড়মিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবে ও তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন সংগ্রহ করা হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(৩) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরি অবসান ঘটাতে পারবেন;

(৪) শিক্ষানবিস সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকরিচ্যুত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে;

(৫) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে;

(৬) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিস কাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরীতে ইস্তফা দেন এবং তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হবার পূর্বে যদি তাঁর কর্তব্যকাজে অবহেলা থাকলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৭) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যহতিপত্র (Release Letter) গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করতে হবে;

(৮) চাকরিতে ইস্তফা প্রদানে ০১ (এক) মাসের নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সরকারি কোষাগারে জমা দিতে হবে;

(৯) সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(১০) চাকরিতে যোগদানের পূর্বে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজের অথবা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(১১) The Government Servancts (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাঁকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় পানি সম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(১২) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(১৩) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে এ পদে যোগদানের জন্য ঢাকাস্থ সিভিল সার্জন অথবা বাংলাদেশ সচিবালয় ক্লিনিকের সিভিল সার্জন-এর নিকট স্বাস্থ্য পরীক্ষা করে ডোপ টেষ্ট রিপোর্টসহ শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে; এবং

(১৪) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(১৫) চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না;

(১৬) প্রার্থী বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ আদেশ বাতিল হবে; এবং

(১৭) এ নিয়োগ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখ পূর্বাহ্ণে যুগ্মসচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২৮.০৭.২০২০


(মো: এহেতেশাম রেজা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৭০১
ই-মেইল: admin2@mowr.gov.bd


নং-৪২.০০.০০০০.০৩২.১১.০১৫.১৯- ৯৪১(২০)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭ / ২৮ জুলাই ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, নিরাপত্তা-২, নিয়োগপত্র প্রদর্শণ সাপেক্ষে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অর্থ সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৫। পুলিশ সুপার, জামালপুর/যশোর/রংপুর।
৬। সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নিয়োগপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, ২য় ১২তলা ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা।

১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৬। জনাব মো: খায়রুল ইসলাম, পিতা: মো: আব্দুল হানিফ, মাতা: খালেদা বেগম, বাসা: শেখ বাড়ী, গ্রাম: বড়ইতাইর, ডাকঘর: জামিরা-২০০১, জামালপুর সদর, জামালপুর।

১৭। জনাব মো: মাহবুবুর রহমান, পিতা: মো: আব্দুল মালেক শেখ, মাতা: ফরিদা ইয়াসমিন, গ্রাম: মহাদেবপুর, ডাকঘর: শুড়িঘাটা বাজার-৭৪৫০, কেশবপুর, যশোর।

১৮। জনাব শিপন চন্দ্র মোদক, পিতা: জিতেন চন্দ্র মোদক, মাতা: জোসনা রানী, গ্রাম: পূর্ব পারুল, ডাকঘর: মাদ্রাসা সৈয়দপুর-৫৪৫০, পীরগাছা, রংপুর।

১৯। ব্যক্তিগত নথি।

২০। অফিস কপি।

২৮.০৭.২০২০

(মো: এহেতেশাম রেজা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৭০১